অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নায়াগ্রা জলপ্রপাত এলাকায় (NIAGARA FALLS) শুরু হতে যাওয়া এম্পায়ার স্টেট দারিদ্র্য হ্রাসকরণ উদ্যোগের (EMPIRE STATE POVERTY REDUCTION INITIATIVE, ESPRI) মাধ্যমে অর্থায়িত প্রকল্পগুলির ঘোষণা করেছেন

536,000 মার্কিন ডলারের বেশি স্টেট অর্থায়ন সমর্থন নিয়ে ছয়টি প্রোগ্রাম শুরু হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নায়াগ্রা জলপ্রপাত এলাকায় ছয়টি প্রকল্পের ঘোষণা দিলেন যার অর্থায়ন করবে এম্পায়ার স্টেট দারিদ্র্য হ্রাসকরণ উদ্যোগ, যা হল দারিদ্র্য হ্রাসকরণ ও সকল নিউ ইয়র্কবাসীর জন্য অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করার জন্য স্থানীয়-ভিত্তিক কৌশল বিকাশ করতে 16টি কমিউনিটিকে সাহায্য করার জন্য গভর্নরের 25 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের প্রোগ্রাম।

"স্টেটের দারিদ্র্য হ্রাসকরণ উদ্যোগের কারণে স্থানীয় কমিউনিটিসমূহ শক্তি পায় মানুষকে এমন সুযোগের ব্যবস্থা করে দিতে যার মাধ্যমে তারা দারিদ্র্যের পথ থেকে বের হয়ে এসে অর্থনৈতিক স্বাধীনতার দিকে অগ্রসর হবে", **গভর্নর কুওমো বলেন।** "এইসব উদ্ভাবনী প্রোগ্রামের ইতিবাচক ফল দেখার জন্য আমি উন্মুখ হয়ে আছি এবং নায়াগ্রা জলপ্রপাত এলাকাকে সাধুবাদ জানাচ্ছি তাদের কমিউনিটির সকল সদস্যকে সফল হওয়ার সরঞ্জাম দিতে পারা নিশ্চিত করতে তাদের কাজের জন্য।"

"আমাদের এম্পায়ার স্টেট দারিদ্র্য হ্রাসকরণ উদ্যোগের অংশ হিসাবে, আমরা দারিদ্র্যের জটিল সমস্যা যেগুলি অনেক নিউ ইয়র্কবাসীর জীবনে অবিরাম প্রভাব ফেলছে সেগুলির মোকাবিলা করতে স্টেট জুড়ে কমিউনিটিগুলিকে আর্থিক অনুদান দিচ্ছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা এবিষয়টি নিশ্চিত করতে চাই যে, যেসব লোকজন দরিদ্রতার মধ্যে জীবনযাপন করেন, তারা যাতে আরও একটু বেশি স্থিতিশীল অবস্থায় থাকতে পারেন তার জন্য সহায়তা করতে প্রয়োজনীয় সুযোগ ও সংস্থান দেওয়া হয়। নায়াগ্রা জলপ্রপাত এলাকায় দরিদ্রতা হ্রাসকরণের কর্মসূচি বা প্রোগ্রামে এই বিনিয়োগ পশ্চিম নিউ ইয়র্কের অধিবাসীদের জন্য উন্নততর অর্থনৈতিক সুযোগসুবিধা প্রদান করবে।"

2016 সালে গভর্নর এম্পায়ার স্টেট পভার্টি রিডাকশন উদ্যোগের ঘোষণা করার অল্পকাল পরেই,স্থানীয় প্রয়াসগুলি তত্বাবধান করতে এবং স্টেট অনুদান পরিচালনা করতে স্থানীয় কার্যসম্পাদনকারী দল (টাস্ক ফোর্স) গঠনের মাধ্যমে অ্যালবেনি, বিংহ্যাম্পটন, দ্য ব্রঙ্কস, বাফেলো, এলমাইরা, হেম্পস্টেড, জেমসটাউন, নিউবার্ঘ, নায়াগ্রা ফলস, ওনিওনটা, ওসিউগো, সাইরাকুজ, ট্রয়, ইউটিকা এবং ওয়াটারটাউন রোচেস্টারে যোগদান করেছে।

প্রাথমিকভাবে, এই টাস্ক ফোর্সগুলি অত্যন্ত-চাহিদাবিশিষ্ট এলাকাগুলি চিহ্নিত করবে এবং দারিদ্র্যের মধ্যে বসবাসকারী ব্যক্তিদের সংখ্যা হ্রাস করার জন্য বিনিয়োগ এবং অন্যান্য পরিবর্তনের জন্য সুপারিশ গঠন

করবে। এখন, এই টাস্ক ফোর্সগুলি, ESPRI অনুদানের ব্যবহারের মাধ্যমে, প্রথম পর্যায়ে গঠিত দারিদ্র্য হ্রাসকরণ পরিকল্পনাগুলির রূপায়ন করতে আরম্ভ করেছে।

নায়াগ্রা জলপ্রপাত এলাকায় অর্থায়নের জন্য যেই ছয়টি প্রোগ্রাম অনুমোদিত হয়েছে সেগুলি হল:

অরলিন্স নায়াগ্রা BOCES, 257,250 মার্কিন ডলার - লিটারেসি জোন (Literacy Zone) প্রোগ্রামটি শিক্ষামূলক মূল্যায়ন এবং প্রতিকারমূলক শিক্ষা প্রোগ্রাম প্রদান করবে। যেসব অংশগ্রহণকারী BOCES প্রোগ্রামের মাধ্যমে ভোকেশনাল প্রশিক্ষণ লাভ করতে আগ্রহী কিন্তু তার জন্য প্রয়োজনীয় তহবিল নেই, তাদের জন্য বৃত্তির ব্যবস্থা থাকবে।

ইসাইয়া 61 প্রকল্প (Isaiah 61 Project), 157,170 মার্কিন ডলার - এই প্রোগ্রামটি নির্মাণক্ষেত্রে চাকরি পাওয়ার জন্য শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করবে। 400-ঘন্টার একটি প্রোগ্রাম অংশগ্রহণকারীদের শ্রেণীকক্ষে শিক্ষা দান করবে, একইসাথে হাতে-কলমে কাজের প্রশিক্ষণও প্রদান করবে নায়াগ্রা জলপ্রপাতের খালি বাড়িসমূহ পুনর্বাসনের মাধ্যমে।

ইরি কাউন্টির বড় ভাই বড় বোন (Big Brothers Big Sisters of Erie County), 22,000 মার্কিন ডলার - কারাবাসের পর কমিউনিটিতে ফেরত আসা ব্যক্তিদের জন্য একটি মেন্টরিং প্রোগ্রাম যা তাদের স্বাভাবিক জীবনে খাপ খাইয়ে নিতে এবং কাজের ক্ষেত্রে প্রবেশ করতে সাহায্য করবে।

লিটারেসি নিউ ইয়র্ক বাফেলো-নায়াগ্রা (Literacy New York Buffalo-Niagara), 19,965 মার্কিন ডলার - যেসব অংশগ্রহণকরি চতুর্থ-গ্রেডের কম পর্যায়ে পড়তে পারে তাদের শিক্ষামূলক সমর্থন প্রদান করা হবে, যার ফলে তারা অতিরিক্ত শিক্ষা ও প্রশিক্ষণের জন্য আরো ভালোভাবে প্রস্তুত হতে পারবে।

বাফেলোর ভোক্তা ক্রেডিট কাউন্সেলিং সেবা (Consumer Credit Counseling Services of Buffalo), 15,000 মার্কিন ডলার - বাজেট তৈরি, দেনা সংক্রান্ত আলোচনা এবং সম্পদ তৈরির উৎসাহ প্রদানকে কেন্দ্র করে অর্থনৈতিক স্বাক্ষরতা প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়াও অংশগ্রহণকারীরা ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলবে যাতে তারা চেক থেকে নগদ উত্তোলন সেবার মাধ্যমে অপ্রয়োজনীয় খরচ করা থেকে বিরত থাকে এবং সঞ্চয়ের জন্য টাকা সরিয়ে রাখার পরিকল্পনা করে।

নায়াগ্রা বিশ্ববিদ্যালয় (Niagara University), 65,000 মার্কিন ডলার - বিশ্ববিদ্যালয়টি ক্রমাগত উদ্যোগের জন্য মূল্যায়ন সেবা দিতে থাকবে, কারণ স্থানীয় উদ্যোগের অগ্রগতি, সাফল্য ও ব্যর্থতা পরিমাপ করার জন্য একটি স্বাধীন, তৃতীয়-পক্ষ মূল্যায়নকারী থাকা খুবই গুরুত্বপূর্ণ।

এছাড়াও ESPRI তহবিলের প্রশাসনিক দায়িত্ব পালনের জন্য কমিউনিটির দ্বারা নির্বাচিত ক্যাথলিক চ্যারিটিস (Catholic Charities) 350,000 মার্কিন ডলারের বেশি অর্থ পেয়েছে সব বয়সের মানুষকে চাকরির জন্য প্রস্তুত করে প্রশিক্ষণ দেওয়ার জন্য এবং চাকরি পাওয়ার ক্ষেত্রে সমর্থন করার জন্য। এছাড়াও ক্যাথলিক চ্যারিটিস এইসব প্রকল্পের রেফারেলসমূহ সমন্বয় করবে একজন ESPRI কেয়ার সমন্বয়কারী এবং ESPRI কেয়ার ব্যবস্থাপকের মাধ্যমে, যারা এইসব প্রোগ্রামের মাধ্যমে অংশগ্রহণকারীদের সাহায্য সহযোগিতা করবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজাব্যালিটি অ্যাসিসটেন্স (New York State Office of Temporary and Disability Assistance) কমিশনার সামুয়েল ডি. রবার্টস বলেন, "দারিদ্র্য থেকে অতিক্রম করার পথে যে বাধাগুলি আসে তা প্রতিটি কমিউনিটির ক্ষেত্রে ভিন্ন ভিন্ন প্রকারের এবং এইসব স্থানীয়ভাবে সৃষ্ট দৃষ্টিভঙ্গী প্রতিটি কমিউনিটির প্রয়োজনের মোকাবিলার উদ্দেশ্যে পরিকল্পনা করা হয়েছে। ESPRI-এর মাধ্যমে গভর্নর কুওমো একটি মডেলের বিকাশ ঘটিয়েছেন যেটি স্থানীয় নেতাদেরকে সবচেয়ে কার্যকরী উপায়ে দারিদ্র্যের মূল কারণগুলি মোকাবেলা করার ক্ষমতা প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেট রোসানা রোসাডো বলেছেন, "গভর্নর কুওমো উপলব্ধি করেছেন যে, একটি কমিউনিটির উন্নতি করতে হলে, আমরা সেই সব কম সৌভাগ্যশালী অধিবাসীদের সাহায্যের জন্য অবশ্যই সংস্থানের ব্যবস্থা করব। যেসব লোকজন দারিদ্র্যর হাতে নিপীড়িত হচ্ছেন তাদের দিকে ESPRI সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে, যা পরিবর্তে কমিউনিটির বন্ধনকে শক্তপোক্ত করছে, অধিবাসীদের আত্মগর্বের অনুভূতি দান করছে এবং এলাকার মধ্যে এবং বাইরে উভয়ক্ষেত্রেই বৃদ্ধির বিকাশ ঘটাচ্ছে। এইগুলি মহৎ কর্মসূচি, যা একটি সম অর্থনৈতিক ময়দান প্রদানে সহায়তা করবে যাতে আমরা সবাই উন্নতি করতে পারি।"

অলাভজনক প্রতিষ্ঠানগুলির আন্তসংস্থার কোঅর্ডিনেটর ফ্র্যান বার্বেট বলেন, "গভর্নর কুওমোর দারিদ্র্য ও উপার্জন বৈষম্যের মূল কারণগুলি মোকাবিলা করার সফল প্রয়াসকে ESPRI চালিয়ে যাচ্ছে। ESPRI-এর মাধ্যমে, গভর্নর কুওমো কম উপার্জনশীল নিউ ইয়র্ক বাসিন্দাদের অর্থনৈতিক ও সামাজিক গতিশীলতা অর্জনের জন্য যে বাধাগুলি সম্মুখীন হতে হয়েছে সেগুলি দূরীভূত করার কৌশলগুলি পরিকল্পনা করার জন্য ক্ষমতা প্রদান করেছেন। এটি একটি উত্তেজনাপূর্ণ মুহূর্ত কেননা নায়াগ্রা জলপ্রপাত এলাকার নাগরিকরা বাস্তব ফলাফলের জন্য একত্রে কাজ করছেন। স্বতন্ত্র সিস্টেম পরিবর্তন করার প্রকল্প আজ চালু হয়েছে এটি স্টেট জুড়ে সমস্ত 16টি ESPRI এলাকাসমূহে কাজ সম্পন্ন করার একটি চমৎকার উদাহরণ। আমরা নায়াগ্রা জলপ্রপাত এলাকার স্থানীয় নেতৃত্বের কাজের প্রশংসা করি এবং এই এলাকার পরিবারগুলির জীবনে এই প্রচেষ্টার প্রভাব দেখার প্রত্যাশা করি।"

নায়াগ্রা জলপ্রপাত ESPRI এর প্রকল্প পরিচালক জেফরি পিরোন বলেন, "ESPRI-এর জন্য আমাদের স্থানীয় পরিকল্পনা বাস্তবে পরিণত হতে যাচ্ছে নায়াগ্রা জলপ্রপাত এলাকায় বাস করছে এবং কাজ করছে এমন 100-এরও বেশি নিবেদিত অংশীদারের সম্মিলিত প্রচেষ্টায়। আমাদের কমিউনিটিতে দারিদ্র্য হ্রাসকরণের জন্য গভর্নরের অঙ্গীকারের জন্য আমরা কৃতজ্ঞ এবং ব্যক্তিদের দারিদ্র্যের পথ থেকে টেকসই ক্যারিয়ারের পথে নিয়ে যেতে তাদের সাহায্য করার জন্য এই উদ্যোগের বাস্তবায়ন পর্যায় দেখার জন্য খুবই উৎসুক হয়ে আছি।"

সিনেটর রবার্ট জি. ওর্ট বলেন, "যারা নিজেদের ও পরিবারের জন্য অপেক্ষাকৃত ভালো একটি জীবন তৈরি করতে চান, তাদের সাহায্য করতে এইসব কমিউনিটি সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আমাদের স্টেটকে এই ধরনের প্রোগ্রামে, যেগুলি অর্থনৈতিক সুযোগ তৈরি করে এবং যাদের প্রয়োজন তাদের চাকরির দক্ষতা বিকাশে সহায়তা করে, বিনিয়োগ করতে দেখা খুব আশাপ্রদ। আমাদের স্টেটে দারিদ্র্য হ্রাস করতে, কমিউনিটি প্রোগ্রামগুলির অব্যাহত স্টেট এজেন্সির সমর্থন দরকার, যেমনটি আমরা এখানে দেখেছি।"

অ্যাসেম্বলি সদস্য এঞ্জেলো মোরিনেলো বলেন, "প্রতিবার যখন গভর্নর আমাদের কমিউনিটির সবথেকে দুর্বলদের সাহায্য করার জন্য দারিদ্র্য উদ্যোগ অর্থায়ন করার প্রয়োজনীয়তা বুঝতে পারেন, আমি খুবই আনন্দিত হই। পশ্চিম নিউ ইয়র্ক জুড়ে এই প্রোগ্রামগুলি ব্যাপক প্রভাব ফেলবে।"

নায়াগ্রা কাউন্টির বিধানসভার সভাপতি কীথ ম্যাকনল বলেন, "নায়াগ্রা কাউন্টি গভর্নর কুওমোকে তার দারিদ্র্য হ্রাসকরণ প্রোগ্রামের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে, কারণ এটি অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করবে এবং মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসবে। এইসব প্রচেষ্টাকে সামনে অগ্রসর হতে দেখতে এবং মানুষকে দারিদ্র্য থেকে বের হয়ে সব-নির্ভরতার পথ খুঁজে পেতে দেখার জন্য আমরা উৎসুক হয়ে আছি।"

নায়াগ্রা জলপ্রপাত শহরের মেয়র পল ডাইস্টার বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে, বাফেলো-নায়াগ্রা অঞ্চল জুড়ে নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। কিন্তু দীর্ঘদিন ধরে বেকার বা প্রায়-বেকার থাকা মানুষদের এইসব চাকরি পাওয়ার জন্য গুরুত্বপূর্ণ দক্ষতা অর্জন করতে হবে। আমাদের পশ্চিম নিউ ইয়র্কের অর্থনৈতিক বিকাশে কেউ যাতে পিছিয়ে না থাকে তা নিশ্চিত করতে গভর্নর যে কাজ করেছেন তার জন্য আমরা তাকে সাধুবাদ জানাই।"

গভর্নরের ESPRI কর্মসূচির সাথে আপডেট নিয়ে আলোচনা করতে, প্রশ্নের উত্তর দিতে এবং স্থানীয় সরকারকে অলাভজনক প্রদানকারী এবং ব্যবসায়িক গোষ্ঠীগুলির সাথে সংযুক্ত করতে গত বছর স্টেট জুড়ে অনুষ্ঠিত কথোপকথনমূলক বৈঠক নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজাব্যালিটি অ্যাসিসটেন্স, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ডকমিউনিটি রিনিউয়্যাল (New York State Homes and Community Renewal) এবং নিউ ইয়র্ক স্টেট গ্রান্টস অ্যান্ড রিফর্ম টিম (New York State Grants and Reform Team) সহ গভর্নরের অলাভজনক সমন্বয় ইউনিট (Nonprofit Coordination Unit)। আসন্ন মাসগুলিতে তাদের নিজস্ব দারিদ্র্য নিরসন পরিকল্পনা ঘোষণা করতে অবশিষ্ট ESPRI-কমিউনিটিগুলি তাদের স্থানীয় সুপারিশগুলি কার্যকর করতে উন্নয়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে এবং তা প্রত্যাশিত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন